

💵 আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৫২৭

১০/ সূর্য গ্রহণের সালাত (کتاب الکسوف)

পরিচ্ছেদঃ ১০/৫. সূর্য গ্রহণের সালাতের জন্য আহ্বান হচ্ছেঃ আস্ সালাতু জামি'আহ।

ذكر النداء بصلاة الكسوف، الصلاة جامعة

আরবী

حديث أَبِي مَسْعُودٍ قَالَ: قَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: إِنَّ الشَّمْسَ وَالْقَمَرَ لاَ يَنْكَسِفَانِ لِمَوْتِ أَحَدٍ مِنَ النَّاسِ، وَلكِنَّهُمَا آيَتَانِ مِنْ آيَاتِ اللهِ، فَإِذَا رَأَيْتُمُوهُمَا فَقُومُوا فَصَلُّوا

বাংলা

৫২৭. আবৃ মাস'উদ (রাযি.) হতে বর্ণিত, তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন লোকের মৃত্যুর কারণে কখনো সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ হয় না। তবে তা আল্লাহর নিদর্শনসমূহের মধ্যে দু'টি নিদর্শন। তাই তোমরা যখন সূর্যগ্রহণ বা চন্দ্রগ্রহণ হতে দেখবে, তখন দাঁড়িয়ে যাবে এবং সালাত আদায় করবে।

ফুটনোট

সহীহুল বুখারী, পর্ব ১৬ : সূর্য গ্রহণ, অধ্যায় ১, হাঃ ১০৪১; মুসলিম, পর্ব ১০ : সূর্য গ্রহণের সালাত, অধ্যায় ৫, হাঃ ৯১১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ মাসউদ আনসারী (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন